

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা রিসোর্স সেন্টার
দোহার, ঢাকা।
urcdohardhaka@gmail.com

এক নজরে উপজেলা রিসোর্স সেন্টার ,দোহার,ঢাকা

উপজেলা রিসোর্স সেন্টার ,দোহার ,ঢাকা এর তথ্য

ইউআরসির নাম	:	উপজেলা রিসোর্স সেন্টার ,দোহার ,ঢাকা ।
ইউআরসির প্রতিষ্ঠার সন	:	২০০৬ খ্রিঃ
জমির পরিমাণ	:	৩ শতাংশ
ভবন সংখ্যা	:	০১(এক)
কক্ষ সংখ্যা	:	০৩
মোট বিদ্যালয় সংখ্যা	:	৫৯ টি
ক্লাস্টার সংখ্যা	:	০২টি

জনবলের তথ্য

ক্রঃ নং	পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত			শূণ্যপদ	মন্তব্য
			পুরুষ	মহিলা	মোট		
০১	ইন্সট্রাক্টর	০১	০	১	০১	০	বদলিজানিত কারণে পদটি শূন্য
০২	সহকারী ইন্সট্রাক্টর	০১	০	০	০	০১	
০৩	ডাটা-এন্ট্রি অপারেটর	০১	০১	০	০১	০	
০৪	নিরাপত্তা প্রহরী	০১	০১	০	০১	০	

অফিস পরিচিতি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষার অবকাঠামোতে উপজেলা রিসোর্স সেন্টার(URC) একটি নবতর সংযোজন । শিক্ষকবান্ধব এই প্রতিষ্ঠানটি প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০০৬ সালে দোহার উপজেলায় প্রতিষ্ঠিত হয় । প্রাথমিক শিক্ষায় ইহা একটি সম্পূর্ণ সরকারি প্রতিষ্ঠান যা শিক্ষকসহ প্রাথমিক শিক্ষার সাথে জড়িত সকলের জন্য একাডেমিক সেবা প্রদানকারী সংস্থা হিসাবে পরিচিত ও বিবেচিত ।

উপজেলা রিসোর্স সেন্টারের উদ্দেশ্য

প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ শিক্ষকদের পেশাগত উন্নয়নের লক্ষ্যে একটি সেবা প্রদানকারী সংস্থার বিকাশ সাধন করা ।

যেমনঃ বিদ্যালয়

- শ্রেণিকক্ষে শিক্ষণ - শিখনোর মাধ্যমে উন্নয়ন;
- শিক্ষকদের শিক্ষাদান ক্ষেত্রে দক্ষতার বিকাশ সাধন;
- শ্রেণিকক্ষে এবং বিদ্যালয় ব্যবস্থাপনার মান বৃদ্ধিকরণ
- নিয়মিতভাবে পেশাগত ও কারিগরী সহায়তা বিনিময়ের মাধ্যমে সাব ক্লাস্টার ও উপজেলা রিসোর্স সেন্টারের প্রশিক্ষণের পারস্পারিক উন্নয়ন সাধন ।
- ব্যবস্থাপনা কমিটিকে (এসএমসি) শক্তিশালী করার জন্য ওরিয়েন্টেশন প্রদান/ আলোচনা সভার আয়োজন, স্থায়ী জনগণকে বিদ্যালয়ের সাথে সম্পৃক্ত করার জন্য সেমিনার আয়োজন ।

উপজেলা রিসোর্স সেন্টার এর কর্মপরিধিঃ

- স্থানীয়ভাবে অথবা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ নেপ পরিচালিত প্রাথমিক শিক্ষা সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ/ ওরিয়েন্টেশন/ সেমিনার আয়োজনের কেন্দ্র হিসাবে কাজ করা ।
- তাৎক্ষণিক চাহিদার ভিত্তিকে/ চাহিদা যাচাইয়ের ভিত্তিতে প্রধান শিক্ষক, শিক্ষক, প্রাথমিক শিক্ষার সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ পরিকল্পনা, প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী তৈরী করে প্রশিক্ষণের আয়োজন করা ।
- পাঠ সংশ্লিষ্ট শিক্ষা উপকরণ তৈরী , সংরক্ষণ ও শ্রেণিকক্ষে এর ব্যবহার সম্পর্কে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা ।

➤ একাডেমীক সুপারিশশেনের মাধ্যমে শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা যাচাই এবং প্রশিক্ষণের ফলাফল/ প্রভাব প্রত্যক্ষণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ এবং চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ পরিকল্পনা, প্রশিক্ষণ উপকরণ প্রণয়ন ও প্রশিক্ষণ বাস্তবায়ন করা ।

➤ সাব ক্লাস্টার প্রশিক্ষণ পরিদর্শন করে মূল্যায়নধর্মী প্রতিবেদন প্রণয়ন করা এবং নিজ সংস্থার প্রশিক্ষণ পরিকল্পনায় অর্জিত অভিজ্ঞতার ব্যবহার করা ।

➤ বিদ্যালয়ের শিক্ষকদের চাহিদা যাচাইয়ের জন্য শিক্ষক প্রোফাইলসহ বিদ্যালয়ের মান সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা ।

➤ প্রাথমিক শিক্ষা সংক্রান্ত বইপত্র, পিরিয়ডিক্যালস, ম্যাগাজিন ইত্যাদি সংগ্রহ, সংরক্ষণ এবং এর কার্যকর ব্যবহারের ব্যবস্থা করা ।

➤ একটি রিসোর্স পুলের সহযোগিতায় প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনের জন্য উপজেলা রিসোর্স সেন্টার কমিটিতে উপস্থাপন করা (উল্লেখ্য যে, প্রতিটি উপজেলা রিসোর্স সেন্টারের একটি উপজেলা রিসোর্স পুল থাকবে । এলাকার অসাধারণ মেধাবী শিক্ষক, পিটিআই ইন্সট্রাক্টর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, শিল্পী, নাট্যকর্মী, ক্রীড়াবিদ, পাপেট, প্রণেতা প্রভৃতি ব্যক্তিবর্গ নিয়ে এ পুল গঠন করা যাবে । ইউআরসি কর্মকর্তাগণ এ রিসোর্স পুল এর তথ্যাভিজ্ঞ ব্যক্তিবর্গের সহায়তা নিয়ে তাদের একাডেমীক কার্যক্রম উন্নয়ন ও পরিচালনা করবেন ।)

সাংগাঠনিক কাঠামো :

ইন্সট্রাক্টর (১ম শ্রেণি)



সহঃ ইন্সট্রাক্টর (২য় শ্রেণি)



ডাটা এন্ট্রি অপারেটর (৩য় শ্রেণি)



নিরাপত্তা প্রহরী (৪র্থ শ্রেণি)

প্রাপ্ত সেবাসমূহঃ

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও শ্রেণিকক্ষে তা বাস্তবায়নের জন্য একাডেমিক সুপারভিশন করা, প্রধান শিক্ষকদের বিদ্যালয় ব্যবস্থাপনা/ লিডারশিপ প্রশিক্ষণ প্রদান ও ফলোআপ, এসএমসি সদস্যদের বিদ্যালয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রদান । তাছাড়া প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে শ্রেণিকক্ষে শিখন শেখানো কার্যক্রমের উৎকর্ষ সাধন

